# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ২. মরিয়মের পুত্রের নাম যীশু না ইম্মানুয়েল?

যীশুর জন্ম প্রসঙ্গে মথি লেখেছেন: ‘‘এই সব হয়েছিল যেন নবীর মধ্য দিয়ে মাবুদ এই যে কথা বলেছিলেন তা পূর্ণ হয়: ‘একজন অবিবাহিতা সতী (কুমারী) মেয়ে গর্ভবতী হবে, আর তাঁর একটি ছেলে হবে; তাঁর নাম রাখা হবে ইম্মানুয়েল।’’ এই নামের মানে হল, আমাদের সংগে আল্লাহ।’’ (মথি ১/২২-২৩: মো.-০৬)

মথির দাবি অনুসারে যীশুর নাম হবে ‘ইম্মানুয়েল’। কিন্তু কখনোই যীশুর নাম কেউ ‘ইম্মানুয়েল’ রাখেননি। এমনকি, কখনোই কোনো খ্রিষ্টান যীশুকে বুঝাতে বা ডাকতে ‘ইম্মানুয়েল’ বলেন না। গ্যারি ডেভানি (Gary DeVaney) বলেন:

“And, why is the Messiah's name Jesus Christ instead of ‘Immanuel’? Who calls Jesus ‘Immanuel’ when referring to Him? Do you call Jesus Christ ‘Immanuel’ when referring to Him? Did not Isaiah state: ‘His name shall be Immanuel’. ‘Immanuel’ means- ‘God with us’. ‘Jesus Christ’ means – ‘Savior Annointed’. ...Doesn't the Isaiah: 7:14 ‘prophesy’ prove to be bogus? Would your explanation of it be based on what is written C&V?”

‘‘আর খ্রিষ্টের নাম ইম্মানুয়েল না হয়ে যীশু হল কেন? যীশুকে বুঝাতে কেউ কি ‘ইম্মানুয়েল’ বলেন? আপনি কি যীশুকে বুঝাতে তাঁকে ‘ইম্মানুয়েল’ বলে আখ্যায়িত করেন? যিশাইয় কি বলেননি যে, ‘তার নাম হবে ইম্মানুয়েল’? ‘ইম্মানুয়েল’ অর্থ ‘ঈশ্বর আমাদের সাথে’। যীশু খ্রিষ্ট অর্থ ‘অভিষিক্ত ত্রাণকর্তা’। ... যিশাইয় ৭/১৪ ‘ভবিষ্যদ্বাণী কি মিথ্যা প্রমাণিত হল না? এ বিষয়ে আপনার ব্যাখ্যা কি বাইবেলের মধ্যে লিখিত অধ্যায় ও শ্লোক নির্ধারিত উদ্ধৃতি নির্ভর হবে?’’[1]

## ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id134.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন